তারিখ ... 15 SEP 2015 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

যুগান্তর

বেসরকারি বিশ্ববিদ্যালয়

# ভ্যাট আরোপ হলে ১৬৫ কোটি টাকা আয় হতো

যুগান্তর রিপোর্ট

চলতি অর্থবছরের বাজেট বক্তৃতায় অর্থমন্ত্রী বেসরকারি বিশ্ববিদ্যালয় এবং মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজে সংকুচিত ভিত্তিমূল্যে ১০ শতাংশ ভ্যাট আরোপের প্রস্তাব করেন। পরে প্রধানমন্ত্রীর অনুরোধে বাজেট পাসকালে তা সাড়ে ৭ শতাংশ নির্ধারণ করা হয়। জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) হিসাব অনুযায়ী ১০ শতাংশ ভ্যাট আরোপ হলে এ খাত থেকে আড়াইশ' কোটি টাকার বেশি রাজস্ব আয় হবে। পরে তা সংশোধন করায় প্রায় ১৬৫ কোটি টাকা আয়ের হিসাব প্রাক্কলন করা হয়। বাজেট প্রণয়নকালে কোনো খাতে ভ্যাট বা শুল্ক হ্রাস-বৃদ্ধিসহ নতুন কর আরোপ হলে টাকার অংকে রাজস্বের সম্ভাব্য লাভ-ক্ষতি হিসাব করা হয়।

বিষয়টি স্বীকার করে এনবিআরের বাজেট উইংয়ের নাম প্রকাশে অনিচ্ছুক দায়িত্বশীল কর্মকর্তা জানান, আমাদের আশা ছিল প্রথম বছরে ১০০ কোটি

হতো : পৃষ্ঠা ১৪ : কলাম ৪

• ইংরেজি মাধ্যমের স্কুল থেকে আদায় ভ্যাটের কি হবে? : পৃষ্ঠা ৩

## হতো : টাকা আয়

(১ম পৃষ্ঠার পর)

টাকার বেশি আয় হতে পারে। পরের বছর হতে ক্রমান্বয়ে আয় বাড়বে। তিনি আরও দাবি করেন, ২০১৬ সালের ১ জুলাই হতে নতুন ভ্যাট আইন কার্যকর হবে। তখন সংকুচিত মূল্য থাকবে না। এ কারণে সাড়ে ৭ শতাংশ ভ্যাট ১৫ শতাংশে নির্ধারিত হতো।

এনবিআরের অপর একটি সূত্র জানিয়েছে, বেসরকারি বিশ্ববিদ্যালয় এবং মেডিকেল ও ইঞ্জিনিয়ারিং কলেজে ভ্যাট আরোপের প্রস্তাবে অর্থমন্ত্রী প্রথমে সম্মত ছিলেন না। কিন্তু এটি রাজস্ব আয়ের বড় খাত হতে পারে এমন আশার কথা শুনে তিনি সম্মত হন। তবে স্বাস্থ্য খাতে প্যাথলজিক্যাল পরীক্ষার ওপর ভ্যাট আরোপ করেও আদালতের নির্দেশে তা প্রত্যাহার করে নেয় এনবিআর। এ ধরনের ভ্যাট আরোপ সংবিধান ও মৌলিক অধিকার পরিপন্থী দাবি করে রিট মামলাটি দায়ের করা হয়। সংবিধান অনুযায়ী মৌলিক চাহিদার ওপর কোনো ধরনের রাজস্ব আয়ের সুযোগ নেই।

স্বাস্থ্য খাতে ভ্যাট আরোপ এবং পরে প্রত্যাহারের অভিজ্ঞতায় এ বছর থেকে শিক্ষায় ভ্যাট আরোপের আত্মঘাতী সিদ্ধান্ত এনবিআর কেন নিয়েছে তা নিয়ে প্রশ্ন উঠেছে জোরেশোরে। কারণ স্বাস্থ্য খাতের মতো শিক্ষায় নতুন ভ্যাট আরোপ যৌক্তিক হবে না এবং এ নিয়ে উচ্চ আদালতে আবার রিট মামলা হতে পারে, এমন আশংকার কথাও বলেছিলেন ভ্যাট উইংয়ের সংশ্লিষ্টরা। কিন্তু নীতিনির্ধারকদের একগুয়েমিতে শেষ পর্যন্ত এ বিতর্কিত সিদ্ধান্তটি বাজেটে অন্তর্ভুক্ত হয় বলে সূত্র দাবি করেছে।